



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আত্মবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৬৩/২০২৪

তারিখঃ ১৪/১১/২০২৪ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং- ২৩৮/২০২২ তারিখঃ ১০/১১/২০২৪ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।


মোঃ মিজানুর রহমান
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

দপ্তরাদেশ নং- ২৩৮/২০২৪

তারিখঃ ১০/১১/২০২৪ খ্রি.

বিষয়ঃ চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass নবায়ন করণ প্রসংগে।

- সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বন্দর ব্যবহারকারী হিসেবে সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বন্দর সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং নিয়োজিত শ্রমিকদের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass এর নবায়ন কার্যক্রম আগামী ১১ নভেম্বর ২০২৪ ইং হতে ৩১ ডিসেম্বর ২০২৪ ইং পর্যন্ত অব্যাহত থাকবে।
- এমতাবস্থায়, প্রয়োজনীয় ডকুমেন্টস্ সহ সরকার কর্তৃক নির্ধারিত ফি ৩০০/- টাকা এবং উক্ত ফি এর উপর ১৫% ভ্যাট বাবদ- ৪৫/- টাকা সর্বমোট টাকা (৩০০+৪৫) = ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা মাত্র) প্রদান করতঃ আগামী ০১ (এক) বছরের জন্য (০১/০১/২০২৫ ইং থেকে ৩১/১২/২০২৫ ইং পর্যন্ত) উক্ত নবায়ন কার্য সম্পন্ন করণের অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে Port Entry Pass নবায়ন করা না হলে পরবর্তীতে জরিমানা প্রদানপূর্বক নবায়ন কার্য সম্পন্ন করতে হবে।
- উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকের নামে ইস্যুকৃত Port Entry Pass আংশিক নবায়ন করা হবে না বরং Port Entry Pass নবায়ন/বাতিলের মাধ্যমে তা হালনাগাদ করতে হবে।
- এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

স্বাঃ/-

পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-১৮.১৩.০০০০.১৩২.১৮.০৭.২৪/১১৬৫

তারিখ- ১০/১১/২০২৪ ইং।